Government of West Bengal
Directorate of I.C. D. S.
Shaishali Complex, Salt Lake City, Sector- I, Kolkata-700064
Ph: (033) 2359 3786/ (033) 23593787 + Fax: (033) 2337 5782
Email Id: icdswestbengal@gmail.com

No.3361(22)/ICDM-Dte Dated: 15/09/2023

To
The District Magistrate(s),
Darjeeling/ Kalimpong/ Jalpaiguri/ Alipurduar/ Coochbehar/ Uttar Dinajpur/ DakshinDinajpur/ Malda/ Murshidabad/ Nadia/ Birbhum/ Bankura/ Purulia/ Paschim Medinipur/ Purba Medinipur/ Jhargram/ PurbaBardhaman/ PaschimBardhaman/ Hooghly/ Howrah/ North 24 Parganas/ South 24 Parganas

Subject: **District Level Master Training and Project level Training on Questionnaire for Screening of children with Autism Spectrum Disorder.**

Sir/Madam,

A Questionnaire for Screening of children with Autism Spectrum Disorder has been developed by the State Experts Committee to screen and identify suspected children coming to the AWCs.

You are requested to instruct the DPOs to complete the District Level Master Training on Primary Screening of Autism Spectrum Disorder by 22 September 2023. Training video, Questionnaire for screening Autism Spectrum Disorder, SOP and the Manual are being shared with this communication.

A date plan along with the budget of the District and Project level training is given in Annexure I & II. The training will be imparted by the State level Master Trainers which includes DPO and selected CDPOs of the district. The Project level training will be imparted by the DLMTs.

The Project level training will be started immediately after completion of District level Master Training and should be completed within 10 October 2023. CDPOs should mandatorily be present in the training programme.

The fund will be released to the IAs of the Districts after receiving the actual expenditure made within the limits set in Annexure I & II.

Enclosed –As stated above.

Yours faithfully,
Director of ICDS
West Bengal

No.3361(22)/1(26)/ICDM-Dte Dated: 15/09/2023

Copy forwarded for information and necessary action to:

1. The Principal Secretary, Department of WCD&SW, Government of West Bengal, BikashBhavan, Kolkata 700091
2. The Additional Secretary (ICDS), Department of WCD&SW, GoWB, BikashBhavan, Kolkata 700091
3. The PS to the Hon'ble MIC, Department of Women and Child Development and Social Welfare, GoWB, Kol 91

4-26.The District Programme Officer (ICDS), Darjeeling/ Kalimpong/ Jalpaiguri/ Alipurduar/ Coochbehar/ Uttar Dinajpur/ DakshinDinajpur/ Malda/ Murshidabad/ Nadia/ Birbhum/ Bankura/ Purulia/ Paschim Medinipur/ Purba Medinipur/ Jhargram/ PurbaBardhaman/ PaschimBardhaman/ Hooghly/ Howrah/ North 24 Parganas/ South 24 Parganas/ Kolkata with the request to instruct the CDPOs to ensure successful completion of the trainings.

Director of ICDS
West Bengal

# Annexure I
## District level training plan

Two batches can be conducted in a day.
South and North 24 Parganas will take two days to complete the training.
Refreshments @Rs.100/- for the trainees and two trainers per batch of District Level Training.

| Name of the District | CDPO In position | ACDPO In position | Supervisor In position | Total Participants | Batches | 2 Trainers per batch | Trainer + Trainee | Training Date | Fund Limit for Refreshments @Rs.100/- (in Rs.) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| Alipurduar | 2 | 1 | 39 | 42 | 1 | 2 | 44 | 21.09.2023. | 4400 |
| Bankura | 16 | 1 | 50 | 67 | 2 | 4 | 71 | 21.09.2023. | 7100 |
| Birbhum | 14 | 2 | 51 | 67 | 2 | 4 | 71 | 21.09.2023. | 7100 |
| Coochbehar | 9 | 2 | 73 | 84 | 2 | 4 | 88 | 21.09.2023. | 8800 |
| Dakshin Dinajpur | 6 | 2 | 70 | 78 | 2 | 4 | 82 | 21.09.2023. | 8200 |
| Darjeeling | 8 | 0 | 52 | 60 | 2 | 4 | 64 | 21.09.2023. | 6400 |
| Hooghly | 15 | 11 | 49 | 75 | 2 | 4 | 79 | 21.09.2023. | 7900 |
| Howrah | 14 | 7 | 31 | 52 | 1 | 2 | 54 | 21.09.2023. | 5400 |
| Jalpaiguri | 7 | 2 | 31 | 40 | 1 | 2 | 42 | 21.09.2023. | 4200 |
| Jhargram | 4 | 4 | 19 | 27 | 1 | 2 | 29 | 21.09.2023. | 2900 |
| Kalimpong | 2 | 0 | 8 | 10 | 1 | 2 | 12 | 21.09.2023. | 1200 |
| Kolkata | 8 | 1 | 30 | 39 | 1 | 2 | 41 | 21.09.2023. | 4100 |
| Malda | 10 | 1 | 61 | 72 | 2 | 4 | 76 | 21.09.2023. | 7600 |
| Murshidabad | 19 | 2 | 51 | 72 | 2 | 4 | 76 | 21.09.2023. | 7600 |
| Nadia | 12 | 9 | 43 | 64 | 2 | 4 | 68 | 21.09.2023. | 6800 |
| North 24 Parganas | 22 | 10 | 117 | 149 | 4 | 8 | 157 | 21.09.2023, 22.09.2023. | 15700 |
| Paschim Burdwan | 8 | 1 | 26 | 35 | 1 | 2 | 37 | 21.09.2023. | 3700 |
| Paschim Midnapore | 14 | 6 | 48 | 68 | 2 | 4 | 72 | 21.09.2023. | 7200 |
| Purba Burdwan | 14 | 0 | 57 | 71 | 2 | 4 | 75 | 21.09.2023. | 7500 |
| Purba Midnapore | 17 | 1 | 74 | 92 | 2 | 4 | 96 | 21.09.2023. | 9600 |
| Purulia | 10 | 1 | 52 | 63 | 2 | 4 | 67 | 21.09.2023. | 6700 |
| South 24 Parganas | 20 | 11 | 74 | 105 | 3 | 6 | 111 | 21.09.2023, 22.09.2023. | 11100 |
| Uttar Dinajpur | 5 | 2 | 37 | 44 | 1 | 2 | 46 | 21.09.2023. | 4600 |
| **Total** | **256** | **77** | **1143** | **1476** | **41** | **82** | **1558** | | **155800** |

# Annexure II
## Project level training plan
## (to be completed by 10.10.2023.)

Two batches can be conducted in a day.
Refreshments @Rs.50/- for 40 trainees and 2 trainers per batch of Project Level Training

| Sl. | Name of the District | No. of AWWs | | Approximate Total Batch for project level training for AWWs with 40 batch size | Fund Limit for the Districts @2100/- per batch (in Rs.) |
|---|---|---|---|---|---|
| | | Sanc. | In pos | | |
| 1 | Alipurduar | 3204 | 2959 | 74 | 155400 |
| 2 | Bankura | 5739 | 5131 | 128 | 268800 |
| 3 | Birbhum | 5191 | 4524 | 113 | 237300 |
| 4 | Coochbehar | 4188 | 3693 | 92 | 193200 |
| 5 | Dakshin Dinajpur | 3279 | 3015 | 75 | 157500 |
| 6 | Darjeeling | 3252 | 2535 | 63 | 132300 |
| 7 | Hooghly | 6708 | 6244 | 156 | 327600 |
| 8 | Howrah | 4506 | 4091 | 102 | 214200 |
| 9 | Jalpaiguri | 3936 | 3430 | 86 | 180600 |
| 10 | Jhargram | 2477 | 2147 | 54 | 113400 |
| 11 | Kalimpong | 639 | 447 | 11 | 23100 |
| 12 | Kolkata | 1529 | 1042 | 26 | 54600 |
| 13 | Malda | 5723 | 4932 | 123 | 258300 |
| 14 | Murshidabad | 9033 | 8135 | 203 | 426300 |
| 15 | Nadia | 6934 | 6329 | 158 | 331800 |
| 16 | North 24 Parganas | 10368 | 9430 | 236 | 495600 |
| 17 | Paschim Burdwan | 2845 | 2314 | 58 | 121800 |
| 18 | Paschim Midnapore | 6636 | 6115 | 153 | 321300 |
| 19 | Purba Burdwan | 6853 | 5832 | 146 | 306600 |
| 20 | Purba Midnapore | 6345 | 5006 | 125 | 262500 |
| 21 | Purulia | 4945 | 4177 | 104 | 218400 |
| 22 | South 24 Parganas | 11364 | 10129 | 253 | 531300 |
| 23 | Uttar Dinajpur | 3787 | 3444 | 86 | 180600 |
| | **Total** | **119481** | **105101** | **2625** | **5512500** |

# অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার

## (প্রাথমিক নির্ণায়ক অভীক্ষা)

### ১৮ মাস থেকে ৬ বছর বয়সী শিশুদের জন্য

| প্রশ্ন নং | প্রশ্ন | প্রতিক্রিয়া | স্কোর |
|---|---|---|---|
| প্রথম ভাগ: শিশুর সাথে আদান প্রদান সম্বন্ধীয় প্রশ্ন | | | |
| ১. | আপনার শিশু কি তার বয়সের অন্যান্য শিশুদের মত কথা বলে? | হ্যাঁ-0/না-1 | |
| ২. | আপনার শিশুর কি আমি, তুমি, সে-র মধ্যে তফাৎ করতে অসুবিধা হয়? (যেমন, যদি জিজ্ঞাসা করা হয় তুমি কি খেয়েছো? তার উত্তর হতে পারে "খেয়েছো" অথবা "রাম খেয়েছে" - এখানে শিশুর নাম রাম)। | হ্যাঁ-1/না-0/প্রযোজ্য নয়-0 | |
| ৩. | আপনি যদি আপনার শিশুকে কোন নির্দিষ্ট দিকে (যেমন খেলনা/চাঁদ) দেখতে বলেন আপনার শিশু কি সেই বস্তুটির দিকে তাকায়? | হ্যাঁ-0/না-1 | |
| ৪. | আপনার শিশু কি যোগাযোগের জন্য সহজ অঙ্গভঙ্গী ব্যাবহার করতে পারে? (যেমন কিছু চাইবার জন্য হাত পাতা, হাত নেড়ে ডাকা, টাটা করা) | হ্যাঁ-0/না-1 | |
| ৫. | আপনার শিশু কি আগে কথা বলত এবং সাড়া দিত যা ক্রমশ কমে গেছে বা বন্ধ হয়ে গেছে? | হ্যাঁ-1/না-0/প্রযোজ্য নয়-0 | |
| ৬. | খাওয়ানোর সময় বা তার সাথে কথা বলার সময় আপনার শিশু কি আপনার চোখের দিকে তাকায়? | হ্যাঁ-0/না-1 | |

বি.দ্রঃ ২নং এবং ৫নং প্রশ্ন, যে শিশু কথা বলে না তার ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

| প্রশ্ন নং | প্রশ্ন | প্রতিক্রিয়া | স্কোর |
|---|---|---|---|
| দ্বিতীয় ভাগ: শিশুর সামাজিক বিকাশ সম্বন্ধীয় প্রশ্ন | | | |
| ৭. | আপনার শিশু কি আপনাকে দেখানোর জন্য খেলনা বা অন্যান্য জিনিস নিয়ে আসে? | হ্যাঁ-0/না-1 | |
| ৮. | আপনার শিশু কি তার নাম ধরে ডাকলে অধিকাংশ সময় সাড়া দেয়? | হ্যাঁ-0/না-1 | |
| ৯. | আপনার শিশু কি আশেপাশের ঘটনায় বা চারপাশে কি ঘটছে সে সম্পর্কে আগ্রহী হয়? | হ্যাঁ-0/না-1 | |
| ১০. | আপনার শিশু কি অন্য শিশুদের সাথে মেলামেশা করতে চায়? | হ্যাঁ-0/না-1 | |

| প্রশ্ন নং | প্রশ্ন | প্রতিক্রিয়া | স্কোর |
|---|---|---|---|
| দ্বিতীয় ভাগ: শিশুর সামাজিক বিকাশ সম্বন্ধীয় প্রশ্ন | | | |
| ১১. | আপনার শিশু কি কল্পনা করে খেলতে পারে? (যেমন মা হয়ে পুতুলকে খাওয়ানো, কেনাকাটার ভান করা, ডাক্তার ডাক্তার খেলা)। | হ্যাঁ-0/না-1 | |
| ১২. | আপনার শিশু কি অনুকরণ করতে পারে? (যেমন পশুপাখির ডাক অনুকরণ করা, বড়দের দেখে ঘর ঝাঁট দেওয়া)। | হ্যাঁ-0/না-1 | |
| ১৩. | আপনার শিশু কি ইঙ্গিত (যেমন অঙ্গুলি নির্দেশ/চোখের ইশারা) করে কিছু চাইতে পারে? | হ্যাঁ-0/না-1 | |

| প্রশ্ন নং | প্রশ্ন | প্রতিক্রিয়া | স্কোর |
|---|---|---|---|
| তৃতীয় ভাগ: শিশুর আচরণ সম্বন্ধীয় প্রশ্ন | | | |
| ১৪. | আপনার শিশু কি ঘুরন্ত বস্তু অনেক সময় ধরে দেখতে থাকে বা বস্তু অনেকক্ষণ ধরে ঘোরাতে পছন্দ করে বা অনেকক্ষণ ধরে নিজে ঘুরতে পছন্দ করে? (যে কোন একটা হলেই হ্যাঁ হবে)। | হ্যাঁ-1/না-0 | |
| ১৫. | আপনার শিশু উত্তেজিত হলে কি অত্যধিক হাত নাড়ায় বা দোলে? | হ্যাঁ-1/না-0 | |
| ১৬. | আপনার শিশু কি তার বয়সী অন্য শিশুদের তুলনায় তার চোখের কোণ দিয়ে বেশী তাকায়? | হ্যাঁ-1/না-0 | |
| ১৭. | আপনার শিশু কি বিভিন্ন উদ্দীপকে অত্যধিক বা অত্যন্ত কম প্রতিক্রিয়া প্রকাশ করে? (যেমন প্রেসার কুকারের হুইসেলের শব্দে বা উচ্চগ্রামের মাইকের শব্দে কানে আঙ্গুল দেয় এবং/অথবা তার বয়সী অন্য শিশুর তুলনায় ব্যথার প্রকাশ খুব বেশী বা কম)। | হ্যাঁ-1/না-0 | |
| ১৮. | আপনার শিশু কি অন্য কোন অস্বাভাবিক আচরণ দেখায়? (যেমন, যে কোন বস্তু লাইন করে সাজানো এবং/অথবা ঘোরানো, চোখের সামনে আঙ্গুল নাড়ানো, পায়ের আঙ্গুলের উপর ভর দিয়ে হাঁটা) (যে কোন একটা হলেই হ্যাঁ হবে)। | হ্যাঁ-1/না-0 | |

| প্রশ্ন নং | প্রশ্ন | প্রতিক্রিয়া | স্কোর |
|---|---|---|---|
| তৃতীয় ভাগ: শিশুর আচরণ সম্বন্ধীয় প্রশ্ন | | | |
| ১৯. | আপনার শিশু কি কিছু সাধারণ নির্দেশ অনুসরণ করতে পরে? (যেমন যাও, খাও, নিয়ে এসো)। | হ্যাঁ-0/না-1 | |
| ২০. | আপনার সন্তান কি অভ্যস্ত পরিবেশ/বস্তু পরিবর্তনে অসুবিধা বোধ করে? (যেমন, নতুন খাবার গ্রহণে অসুবিধা, দৈনন্দিন রুটিন পরিবর্তনে অসুবিধা ইত্যাদি)। | হ্যাঁ-1/না-0 | |

| ক্রমিক সংখ্যা | শিশুর তথ্য | |
|---|---|---|
| ১ | শিশুর নাম | |
| ২ | শিশুর জন্ম তারিখ /বয়স | |
| ৩ | শিশুর লিঙ্গ | |
| ৪ | অভিভাবকের নাম | |
| ৫ | অঙ্গনওয়াড়ী কেন্দ্রের কোড নং | |
| ৬ | অঙ্গনওয়াড়ী কর্মীর নাম | |
| ৭ | অঙ্গনওয়াড়ী কর্মীর ফোন নং | |
| ৮ | রেফার করা হয়েছে (হ্যাঁ/না) | |
| ৯ | কোথায় রেফার করা হয়েছে | |
| ১০ | অঙ্গনওয়াড়ী কর্মীর সাক্ষর | |
| ১১ | জিজ্ঞাসাবাদের তারিখ | |

**স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর -** অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার প্রশিক্ষণ

জেলাস্তরের প্রশিক্ষণে সমস্ত সিডিপিও এবং সুপারভাইজারদের প্রশিক্ষণ এবং তার পরবর্তীতে প্রকল্পস্তরে সমস্ত অঙ্গনওয়াড়ী কর্মীদের প্রশিক্ষণ **১০ই অক্টোবর** ২০২৩ তারিখের মধ্যে পরিসমাপ্ত করতে হবে।

রাজ্যস্তরে প্রশিক্ষণপ্রাপ্ত ডিপিও এবং সিডিপিওরা জেলাস্তরের প্রশিক্ষণ পরিচালনা করবেন। এই প্রশিক্ষণের জন্য বিশেষভাবে তৈরি ট্রেনিং ভিডিও ব্যবহার করতে হবে। প্রশিক্ষণের সময়কাল আড়াই ঘন্টা। প্রথম ঘন্টায় রাজ্যস্তরের প্রশিক্ষকরা অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার নিয়ে বলবেন এবং প্রাথমিকভাবে অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার নির্নয়ের জন্য যে কুড়িটি প্রশ্ন অনুমোদিত হয়েছে সেই বিষয়ে আলোচনা করবেন এবং পরের এক ঘন্টা প্রশিক্ষণের জন্য তৈরি ভিডিওটি দেখাতে হবে। শেষ আধঘন্টা প্রশ্নোত্তর পর্ব রাখা যেতে পারে। প্রত্যেক প্রশিক্ষণ ব্যাচে ৪০জন প্রশিক্ষণার্থী থাকবে।

প্রত্যেক প্রশিক্ষণার্থীদের জন্য প্রশিক্ষণের পূর্বে নির্দিষ্ট পরিমাণে প্রাথমিক যাচাইকরণের প্রশ্নাবলীর প্রতিলিপি তৈরি করে রাখতে হবে।

প্রশিক্ষণ পরিসমাপ্ত হবার পরে পরেই প্রাথমিক যাচাইকরণের যে প্রশ্নাবলী আছে সেই প্রশ্নাবলীর মাধ্যমে অঙ্গনওয়াড়ী কর্মীরা, প্রতিদিন অন্ততঃপক্ষে দুজন করে অভিভাবকদের সমীক্ষা করবেন, যাঁদের শিশুদের বয়স ১৮ মাস থেকে ছয় বছর অবধি। এই সমীক্ষা অবশ্যই **৩০শে নভেম্বর** ২০২৩ তারিখের মধ্যে শেষ করতে হবে।

এই বিশেষ সমীক্ষা শুরু করার আগে, প্রশিক্ষণ চলাকালীনই সমস্ত সিডিপিওদের তার প্রকল্প এলাকায় ১৮ মাস থেকে ৬ বছর বয়সী মোট শিশুর সংখ্যা অনুযায়ী, প্রাথমিক নির্ণায়ক প্রশ্নাবলীর প্রতিলিপি ছাপিয়ে নিতে হবে, যাতে প্রশিক্ষণের পরে পরেই তা অঙ্গনওয়াড়ী কর্মীদের তার সমীক্ষা এলাকায় শিশুর সংখ্যা অনুযায়ী সরবরাহ করা যায়, এবং সমীক্ষার কাজটি যথাযথভাবে সঠিক সময়ে শুরু করা যায়। এই প্রতিলিপি ছাপানোর জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হবে।

প্রশিক্ষণ পর্বে বলে দিতে হবে যে অঙ্গনওয়াড়ী কর্মীরা তাদের সমীক্ষার পর, পূরণ করা সমীক্ষাপত্রগুলি অফিসে জমা দেবেন এবং সুপারভাইজাররা সেই সমীক্ষাপত্র যাচাই করে, যে কটি সমীক্ষাপত্রের স্কোর ৪এর বেশি আছে সেই সমস্ত সমীক্ষাপত্র আলাদা করে রাখবেন এবং এই সংখ্যাটি সিডিপিওর মাধ্যমে, ডিপিওকে জানিয়ে দেবেন। ডিপিও সিডিপিওদের মাধ্যমে পাওয়া সংখ্যা DMCHOকে জানবেন। এ.এস.ডি. চূড়ান্ত নির্ণয়ের জন্য রাজ্য স্বাস্থ্য দপ্তর কর্তৃক তালিকা অনুযায়ী নির্দিষ্ট দিন ও তারিখে ডিপিও ও

সিডিপিওর পরিচালনায় অঙ্গনওয়াড়ী কর্মীরা তার সমীক্ষা এলাকার চিহ্নিত শিশুদের জেলা বা নির্দিষ্ট হাসপাতালে পাঠানোর ব্যাবস্থা করবেন। সিডিপিও এই তালিকা পাওয়ার পর সুপারভাইজারের মারফত অঙ্গনওয়াড়ী কর্মীদের জানাবেন এবং অঙ্গনওয়াড়ী কর্মীরা এই নির্দিষ্ট দিনক্ষণ শিশুর বাবা মা বা শিশুকে যে দেখাশুনা করেন তার কাছে পৌঁছে দেবেন এবং পরে তাঁরা যাতে সেই দিন শিশুকে নিয়ে যান তা, সুনিশ্চিত করবেন।

সমীক্ষাপত্রে যে সমস্ত শিশুদের ৪এর অধিক স্কোর হয়েছে সেই সমস্ত শিশুকে তাদের বাবা-মা বা যাঁরা সেই শিশুকে দেখাশুনা করেন, তাঁরাই নির্দিষ্ট দিনে এবং সময়ে জেলা বা নির্দিষ্ট হাসপাতালে দায়িত্ব নিয়ে তাদের শিশুকে নিয়ে যাবেন।

জেলা বা নির্দিষ্ট হাসপাতালে ক্লিনিকাল সাইকোলজিস্ট শিশুকে এ.এস.ডি. নির্ণায়ক পরীক্ষা করবেন এবং এ.এস.ডি. থাকলে এরপরে সঠিক চিকিৎসার জন্য কোথায় যেতে হবে তা বলে দেওয়া হবে। এর সাথে স্বাস্থ্য বিভাগ কর্তৃক অনুমোদিত একটি রেফারেল কার্ড দেওয়া হবে যেখানে লিপিবদ্ধ থাকবে বাবা-মা তার শিশুকে নিয়ে এরপর কোথায়, কবে এবং কখন দেখাতে নিয়ে যাবেন। এছাড়াও যে সাইকোলজিস্ট তাকে পরীক্ষা করেছেন এবং এ.এস.ডি. নির্ণয় করেছেন তার ডায়াগনোসিস রিপোর্ট লিপিবদ্ধ থাকবে।

যদি অটিজম নিশ্চিত হয় তাহলে রেফারেল কার্ড-এর নির্দেশ অনুযায়ী সেই সমস্ত বাবা-মাকে তাঁদের শিশুদের নিয়ে নির্দিষ্ট রেফারেল কেন্দ্রে পাঠানো সুনিশ্চিত করতে হবে। এটা দেখার প্রয়োজন নির্দিষ্ট দিনে সেই সমস্ত বাবা-মা তাঁদের শিশুদের নিয়ে নির্দিষ্ট রেফারেল কেন্দ্রে যাচ্ছেন কিনা।

ডিএমসিএইচওকে, জেলা বা নির্দিষ্ট হাসপাতালে করা রোগ নির্ণয়ের সম্পূর্ণ ফলাফল শিশুর এ.এস.ডি. নির্ণায়ক পরীক্ষার দিনই ডিপিও আইসিডিএসকে দিতে হবে। ডিপিও আইসিডিএস সেই তালিকা সিডিপিওদের দেবেন। এই সমস্ত শিশুর তথ্য/তালিকা অঙ্গনওয়াড়ী কর্মীদের দিতে হবে যাতে তাঁরা গৃহ পরিদর্শনের সময়ে রেফারেল কার্ড দেখে কোথায় কবে আবার যেতে হবে তা শিশুদের পরিচর্যাকারীদের মনে করিয়ে দেন।

তিন বছরের নীচে শিশুদের জন্য যারা অঙ্গনওয়াড়ী কর্মীর করা প্রাথম সমীক্ষায় এবং পরে ক্লিনিকাল সাইকোলজিস্ট দ্বারা এ.এস.ডি. নির্ণায়ক পরীক্ষায় এ.এস.ডি. আছে বলে চিহ্নিত হয়নি তাদের এক বছর অন্তর সমীক্ষা করতে হবে, এবং এই সমীক্ষা শিশুর তিন বছর বয়স অবধি করতে হবে।

## অটিজমের জন্য প্রাথমিক নির্ণায়ক অভীক্ষার সারগ্রন্থ
## Manual of Primary Screening Tool for Autism (PAST)

অটিজ্‌ম্‌ স্পেকট্রাম ডিসঅর্ডার (ASD)একটি প্রচ্ছন্ন অক্ষমতা (Invisible Disability)। সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল, ইউএসএ(২০১৮) থেকে সাম্প্রতিক উপলব্ধ তথ্য অনুসারে, এই অবস্থাটি প্রতি ৪৪ জনের মধ্যে ১ জনকে প্রভাবিত করে। অটিজ্‌ম্‌ স্পেকট্রাম ডিসঅর্ডার (ASD) নির্ণয় করা কঠিন হতে পারে কারণ এই প্রতিবন্ধকতা নির্ণয়ের জন্য রক্ত পরীক্ষার মতো কোনো পরীক্ষা ব্যবস্থা নেই। এই অবস্থার লক্ষণগুলি জন্মের পর থেকেই স্পষ্ট কিন্তু সচেতনতার অভাবে অবস্থাটি অনেক পরবর্তী বয়স পর্যন্ত শনাক্ত করা যায় না। কিছু  শিশুকে কিশোর বা প্রাপ্তবয়স্ক না হওয়া পর্যন্ত নির্ণয় করা যায় না। এই বিলম্বের ফলস্বরূপ অটিজ্‌ম্‌ আছে এমন শিশু/কিশোর/ব্যাক্তি তাদের প্রয়োজনীয় প্রাথমিক সাহায্য নাও পেতে পারে।শিশুরা যাতে পরিষেবা এবং সহায়তা পায় তা নিশ্চিত করতে এবং তাদের সুপ্তশক্তির পূর্ণবিকাশে পৌঁছাতে, যত তাড়াতাড়ি সম্ভব অটিজ্‌ম্‌-এর লক্ষণ আছে এমন শিশুদের নির্ণয় করা গুরুত্বপূর্ণ। গবেষণায় দেখা গেছে যে  কোন অবস্থার প্রাথমিক শনাক্তকরণ তার দীর্ঘমেয়াদী উন্নতিকে সদর্থক ভাবে প্রভাবিত করতে পারে এবং তার অক্ষমতার মোকাবিলা করতে পারে।

অটিজ্‌ম্‌ শনাক্তকরণের জন্য বেশ কয়েকটি নির্ণায়ক অভীক্ষা(Screening tools) রয়েছে। কোনো নির্ণায়ক অভীক্ষাকে সফলভাবে তখনই গ্রহণ করা হবে যখন সেটি  সামগ্রিকভাবে সংবেদনশীল,  অর্থাৎ সামাজিক, আর্থিক এবং শিক্ষাগত  ভাবে গ্রহণযোগ্য হবে। তাই  একটি স্থানীয় ভাষায় অভীক্ষার প্রয়োজন

যা  সর্ব স্তরের বিশেষতঃ প্রাথমিক স্তরের স্বাস্থ্যকর্মীরা ব্যবহার করতে পারবেন।

এই পটভূমিতে, পশ্চিমবঙ্গ সরকার সর্বস্তরের সামাজিক কর্মীদের জন্য সহজ আঞ্চলিক ভাষায় একটি বিশেষ অভীক্ষা(Specialized tool) তৈরি করার প্রয়োজনীয়তা অনুভব করেছেন যাতে অটিজমের সম্ভাব্যতা প্রাথমিকভাবে শনাক্ত করা যায় এবং যতটা সম্ভব প্রাথমিক পর্যায়ে বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করা যায়।

এই অভিপ্রায়ে, পশ্চিমবঙ্গ সরকারের সম্মানিত বিভাগ সহজ বাংলা ভাষায় বৈজ্ঞানিকভাবে  নির্ভরযোগ্য  নির্ণায়ক অভীক্ষা তৈরি করার জন্য মনোরোগ বিশেষজ্ঞ এবং মনোবিজ্ঞানীদের একটি বিশেষ বিশেষজ্ঞ দল গঠন করেছেন।

এই বিশেষজ্ঞ দল দীর্ঘ গবেষণার ফলস্বরূপ সর্বস্তরে ব্যাবহারযোগ্য, প্রাথমিকস্তরে অটিজ্‌ম্‌ নির্ণয়ের জন্য ২০টি প্রশ্নসম্বলিত একটি বিশেষ অভীক্ষা গঠন করেছেন। নীচে অভীক্ষাটির বর্ণনা করা হল।

**অভীক্ষার বর্ণনা**- অটিজমের জন্য প্রাথমিক নির্ণায়ক অভীক্ষা (প্রাইমারি স্ক্রীনিং টুল ফর অটিজ্‌ম্‌ ) বিভিন্ন বিভাগের স্বাস্থ্কর্মীদের জন্য একটি উদ্দেশ্যমূলক মূল্যায়ন অভীক্ষা যা অটিজমের সম্ভাব্যতা শনাক্ত করার জন্য পিতামাতা বা শুশ্রূষাকারী (Caregiver) দ্বারা প্রদত্ত পর্যবেক্ষণ (Observation), মিথস্ক্রিয়া (Interaction) এবং (Information) তথ্য ব্যবহার করে।

এই অভীক্ষা দুই পয়েন্ট রেটিং স্কেল যেখানে হ্যাঁ/না (১/০)- এর মধ্য দিয়ে উত্তর দিতে হবে।এখানে মোট ২০টি প্রশ্ন রয়েছে।

**বিভাগ -১ – যোগাযোগ( Communication)**

অটিজমের সম্ভাবনা রয়েছে এমন শিশুদের মৌখিক এবং অ-মৌখিক উভয় ক্ষেত্রেই যোগাযোগে(Communication) সমস্যা হতে পারে। নিজের চাহিদা প্রকাশ  বেশিরভাগ সময়ই তাদের কাছে কষ্টকর হয়। অন্যদের মৌখিক এবং অ-মৌখিক (non-verbal) বার্তা(Communication) বুঝতে অসুবিধা হয়। অটিজমের সম্ভাবনাযুক্ত শিশুদের পুনরাবৃত্তিমূলক উক্তি (Repetitive speech), অন্য ব্যক্তির দ্বারা উচ্চারিত শব্দের অর্থহীন পুনরাবৃত্তি(Echolelia) এবং নিরর্থক ধ্বনি(Meaningless sound)ইত্যাদি লক্ষণ থাকতে পারে।

**বিভাগ -২ – সামাজিকীকরণ (Socialization)**

অটিজমের সম্ভাবনা থাকা শিশুরা অন্য শিশু বা প্রাপ্তবয়স্কদের সাথে সামাজিকভাবে যোগাযোগ সাধনে সমস্যার সম্মুখীন হয়/ নিয়ম মেনে খেলতে পারে না। তারা অন্যদের এবং এমনকি তাৎক্ষণিক পরিবেশ সম্পর্কে ন্যূনতম আগ্রহ দেখায় বা একেবারেই দেখায় না, সামাজিকভাবে প্রতিক্রিয়াহীন থাকে এবং একই বয়সের শিশুদের সাথে বন্ধুত্ব স্থাপনে সমস্যার সম্মুখীন হয়।

## বিভাগ -৩ – আচরণ (Behaviour)

অটিজমের সম্ভাবনা রয়েছে এমন শিশুরা কিছু অস্বাভাবিক আচরণে লিপ্ত হতে পারে যেমন অহেতুক হাত নাড়ানো (hand flapping), দোলা ইত্যাদি। তাদের কিছু সংবেদনশীল সমস্যা থাকতে পারে (আলো, শব্দ, গন্ধতে অতিমাত্রায় বা অল্পমাত্রায় সংবেদনশীল হয়)। উদাহরণস্বরূপ নিম্নমাত্রার ধ্বনিতে খুব উচ্চ প্রতিক্রিয়া বা উচ্চমাত্রায় খুব স্বল্প প্রতিক্রিয়া। তারা দোলা, পায়ের আঙুলে হাঁটা পছন্দ করে। সাধারণত তারা অস্থিরতা দেখায়, পরিবর্তন পছন্দ করে না ।

## অভীক্ষার নির্দেশিকা

## পরীক্ষকের প্রস্তুতি

পর্যবেক্ষকের অভীক্ষা এবং প্রতিটি প্রশ্ন সম্পর্কে আলাদাভাবে জ্ঞান এবং পরিচিতি থাকতে হবে। নিম্নলিখিত শর্তগুলি বিবেচনাযোগ্য-

**ক)** শিশুর শারীরিক ও শারীরবৃত্তীয় অবস্থা। যদি এটি সঠিক না হয় তবে মূল্যায়নের চেষ্টা করবেন না ।
**খ)** শিশুর স্বাচ্ছন্দ্যের স্তর, তথ্য প্রদানকারীর অবস্থা এবং তাৎক্ষণিক পরিবেশ বিবেচনা করা উচিত।
**গ)** মূল্যায়ন শুরু করার আগে সঠিকভাবে সম্পর্ক (Rapport) স্থাপন করা উচিত।
**ঘ)** শিশু এবং তথ্যদাতা উভয়ের জন্যই ব্যক্তিগত পার্থক্যকে সমানুভূতিশীলভাবে বিবেচনা করা উচিত।

**ঙ)** শিশুর মনোযোগ এবং একাগ্রতার অভাব হতে পারে। প্রত্যাশিত প্রতিক্রিয়া উন্মোচনের জন্য পর্যবেক্ষকের ধৈর্য থাকা আবশ্যক।

## মূল্যায়ন পদ্ধতি

**i) পর্যবেক্ষণ (Observation)**
**ii) তথ্যপ্রদানকারীর সাক্ষাৎকার (Informant's Interview)**

## সাফল্যাঙ্ক-এর পদ্ধতি (Scoring System)

অভীক্ষার স্কোর করা উচিত ১ /০ হিসাবে বা হ্যাঁ/না বিভাগ অনুসরণ করে। কিছু সরাসরি প্রশ্ন আছে যেখানে 'হ্যাঁ' উত্তর ১ চিহ্ন এবং 'না' ০ চিহ্ন নির্দেশ করে। কিছু পরোক্ষ প্রশ্ন আছে যেখানে 'হ্যাঁ' ০ চিহ্ন এবং 'না' 1 চিহ্ন বোঝায়। আদর্শ সারণী অনুসারে অটিজমের সম্ভাবনার স্তরের স্কোর নির্ণয় করতে ২০টি প্রশ্নের সমগ্র স্কোর যোগ করা হবে।

**সরাসরি প্রশ্ন -** ২, ৫,১৪,১৫,১৬,১৭,১৮,২০

**পরোক্ষ প্রশ্ন -** ১,৩,৪,৬,৭,৮,৯,১০,১১,১২,১৩,১৯

**মান (Norm)**

**বিভাগ (Category)**

**নিচে 4 = কোন সম্ভাবনা নেই**

**4 - 7 = হালকা সম্ভাবনা,**

**8 - 11 = মাঝারি সম্ভাবনা**

**12 - 15 = উচ্চ সম্ভাবনা,**

**16 – 20 = খুব উচ্চ সম্ভাবনা**